



৫ সচিবসহ ছয় কর্মকর্তাকে বাধ্যতামূলক অবসরে পাঠিয়েছে সরকার



জনপ্রশাসন মন্ত্রণালয়

সংগৃহীত ছবি

৫ সচিব ও একজন সরকারি প্রতিষ্ঠানের চেয়ারম্যানকে বাধ্যতামূলক অবসরে পাঠিয়েছে সরকার। গতকাল বৃহস্পতিবার (১৯ জুন) রাতে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে এ বিষয়ে পৃথক প্রজ্ঞাপন জারি করা হয়।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনে যে সচিবদেরকে বাধ্যতামূলক অবসরে পাঠানো হয়েছে তারা হলেন- বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের মহাপরিচালক (সচিব) কাজী এনামুল হাসান, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন অ্যাকাডেমির মহাপরিচালক (সচিব) সুকেশ কুমার সরকার, ভূমি আপিল বোর্ডের চেয়ারম্যান (সচিব) মুহম্মদ ইব্রাহিম, জাতীয় উন্নয়ন প্রশাসন একাডেমির রেস্তুর (সচিব) ড. মো. সহিদ উল্লাহ ও ওএসডি সচিব মোহাম্মদ সালাহ উদ্দিন।

এছাড়াও বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের চেয়ারম্যান (গ্রেড-১) ড. লিপিকা ভদ্রকেও বাধ্যতামূলক অবসরে পাঠানো হয়েছে।

সরকারি চাকরি আইন, ২০১৮-এর ৪৫ নম্বর ধারার আলোকে এই সিদ্ধান্ত নেয়া হয়েছে। উক্ত ধারায় বলা হয়েছে, কোনো কর্মকর্তা চাকরির ২৫ বছর পূর্ণ করলে সরকার তাকে কোনো কারণ দর্শানোর প্রয়োজন ছাড়াই বাধ্যতামূলক অবসরে পাঠাতে পারে।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনে জানানো হয়, অবসরপ্রাপ্ত কর্মকর্তারা প্রযোজ্য বিধি অনুযায়ী তাদের অবসরকালীন সব সুবিধা ভোগ করবেন।